গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
রেলপথ মন্ত্রণালয়
প্রশাসন-২ অধিশাখা
www.mor.gov.bd

স্মারক নং- ৫৪.০০.০০০০.০০৮.০৬.০৩৩.১৮-৩৩৬

তারিখ: ২০ আশ্বিন ১৪২৭ / ০৫ অক্টোবর ২০২০

বিষয়ঃ সভার কার্যবিবরণী প্রেরণ।

উপর্যুক্ত বিষয়ে রেলপথ মন্ত্রণালয়ের সচিব মহোদয়ের সভাপতিত্বে ২৮.০৯.২০২০ তারিখে অনুষ্ঠিত ২০২০-২১ অর্থ বছরের অংশীজনের অংশগ্রহণে অনুষ্ঠিত ১ম সভার কার্যবিবরণী সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে এতদ্‌সঙ্গে প্রেরণ করা হলো।

সংযুক্তিঃ বর্ণনামতে ।

(খোন্দকার মো: নাজমুল হুদা শামিম)
সিনিয়র সহকারী সচিব (প্রশাসন-২)
ফোন: +৮৮০২৪১০৫০২৪৩
ই-মেইল: admin2@mor.gov.bd

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) জ্ঞাতার্থে/কার্যার্থেঃ

১। মহাপরিচালক, বাংলাদেশ রেলওয়ে, রেলভবন, ঢাকা।
২। অতিরিক্ত সচিব (সকল), রেলপথ মন্ত্রণালয়, রেলভবন, ঢাকা।
৩। অতিরিক্ত মহাপুলিশ পরিদর্শক, রেলওয়ে পুলিশ, কমলাপুর, ঢাকা।
৪। অতিরিক্ত মহাপরিচালক (আরএস/এমএন্ডসিপি/অপারেশন/আই/অর্থ), বাংলাদেশ রেলওয়ে, রেলভবন, ঢাকা।
৫। মহাব্যবস্থাপক (পূর্ব/পশ্চিম), বাংলাদেশ রেলওয়ে, রেলভবন, ঢাকা।
৬। যুগ্মসচিব (সকল), রেলপথ মন্ত্রণালয়, রেলভবন, ঢাকা।
৭। প্রধান সংকেত ও টেলিযোগাযোগ প্রকৌশলী (টেলিকম), বাংলাদেশ রেলওয়ে, রেলভবন, ঢাকা।
৮। বিভাগীয় রেলওয়ে ব্যবস্থাপক (ডিআরএম); ঢাকা/পাকশী/লালমনিরহাট/চট্রগ্রাম, বাংলাদেশ রেলওয়ে।
৯। চীফ কমান্ড্যান্ট (পূর্ব/পশ্চিম), বাংলাদেশ রেলওয়ে।
১০। সিনিয়র তথ্য অফিসার, রেলপথ মন্ত্রণালয়, রেলভবন, ঢাকা।
১১। চেয়ারম্যান, নিরাপদ সড়ক চাই আন্দোলন, ৭০ কাকরাইল, ঢাকা-১০০০
১২। চেয়ারম্যান, পরিবেশ বাচাঁও আন্দোলন, বাড়ী ৫৮/১, ১ম লেন, কলাবাগান, ঢাকা-১২০৫
১৩। সাধারণ সম্পাদক, বাংলাদেশ পরিবেশ আন্দোলন, ৯/১২ ব্লক-ডি, লালমাটিয়া, ঢাকা-১২০৭।

অনুলিপি (সদয় জ্ঞাতার্থে):

১। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, রেলপথ মন্ত্রণালয়, রেলভবন, ঢাকা।
২। সচিবের একান্ত সচিব, রেলপথ মন্ত্রণালয়, রেলভবন, ঢাকা।
৩। সিনিয়র সিস্টেম এনালিস্ট, রেলপথ মন্ত্রণালয়, রেলভবন, ঢাকা (কার্যবিবরণীটি মন্ত্রণালয়ের ওয়েবসাইটে আপলোডের অনুরোধসহ)।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
রেলপথ মন্ত্রণালয়
প্রশাসন-২ অধিশাখা
www.mor.gov.bd

বিষয়ঃ ২০২০-২১ অর্থবছরে অংশীজনের অংশগ্রহণে অনুষ্ঠিত ১ম সভার কার্যবিবরণীঃ

| | | |
|---|---|---|
| সভাপতি | : | মোঃ সেলিম রেজা, সচিব, রেলপথ মন্ত্রণালয় |
| সভার তারিখ | : | ২৮ সেপ্টেম্বর ২০২০ |
| সময় | : | বেলা ৩.০০ টা। |
| স্থান | : | রেলপথ মন্ত্রণালয়ের সভাকক্ষ (কক্ষ নং ৯৩০), রেলভবন, ঢাকা। |

উপস্থিত কর্মকর্তা ও অংশীজন- পরিশিষ্ট "ক"-তে দেখানো হল।

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভা শুরু করেন। তিনি বলেন আজ এ মন্ত্রণালয়ে তাঁর প্রথম অংশীজন সভা। তিনি উপস্থিত সদস্যবৃন্দকে স্ব স্ব পরিচিতি তুলে ধরার জন্য অনুরোধ করেন। পরিচিতি পর্বের পর সভাপতি সভার প্রেক্ষাপট বর্ণনা করে বলেন যে, এ অংশীজন সভায় সাধারণত: সুষ্ঠু ও নিরাপদ ট্রেন পরিচালনায় বিদ্যমান সমস্যা এবং সেগুলির সমাধানে সম্ভাব্য করণীয়সহ সার্বিক বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয়ে থাকে। তিনি আরও বলেন যে, রেলপথ মন্ত্রণালয়ের জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনায় প্রতি অর্থ বছরে ৪টি অংশীজন সভা আয়োজন করার বাধ্যবাধকতা রয়েছে। অংশীজনদের কথা শুনে কোনো সমস্যা পরিলক্ষিত হলে তা সমাধানের প্রচেষ্টা গ্রহণ করতে হবে। তিনি বলেন কোভিড-১৯ এর মধ্যেও আমরা স্বাস্থ্যবিধি মেনে ট্রেন পরিচালনা করেছি। ম্যাংগো ট্রেন এবং ক্যাটল ট্রেন পরিচালনা করেছি।

২। সভাপতির অনুরোধে যুগ্মসচিব (প্রশাসন-১), জাতীয় শুদ্ধাচার কৌশল ও কর্ম পরিকল্পনা ২০২০-২১ এর সংশ্লিষ্ট তথ্যগুলো সভায় উপস্থাপন করেন। তিনি গত ০৫.০৩.২০২০ তারিখে অনুষ্ঠিত সভার সিদ্ধান্তগুলো বাস্তবায়নের অগ্রগতি তুলে ধরেন। সভাপতি বাস্তবায়নাধীন সিদ্ধান্তসমূহের অগ্রগতির ওপর এবং রেল সেবার মানোন্নয়নে সম্ভাব্য করণীয়সহ সার্বিক বিষয়ে মতামত উপস্থাপনের জন্য উপস্থিত কর্মকর্তা ও অংশীজনের প্রতি আহ্বান জানান। উন্মুক্ত আলোচনাপর্বে উপস্থিত সদস্যবৃন্দ বিভিন্ন বিষয়ে বক্তব্য ও মতামত উপস্থাপন করেন।

৩। পরিবেশ বাঁচাও আন্দোলনের চেয়ারম্যান জনাব আবু নাসের খান জানান যে, বাংলাদেশ রেলওয়ের কোচ, ওয়াগন, লোকোমোটিভসহ সকল তথ্যাদি অনলাইনে আনতে হবে। এতে তথ্য পেতে সুবিধা হবে। রেল কেন্দ্রিক সমন্বিত ব্যবস্থা চালু করতে হবে। প্রত্যেক জেলাতে ডাবল লাইন নির্মাণ করতে হবে। রেলওয়ের যে সকল সম্পত্তি বেদখল হয়েছে তা উদ্ধারের ব্যবস্থা গ্রহণ করতে হবে। রেলওয়ের ওয়ার্কশপগুলোকে সচল রাখতে হবে। কারণ বেসরকারিভাবে মেরামতে ব্যয় অনেক বেশি। রেল দুর্ঘটনা এড়ানোর জন্য রেল লাইনে উন্নতমানের পাথর দিতে হবে ।

৪। মহাপরিচালক, বাংলাদেশ রেলওয়ে সভায় জানান যে, সাম্প্রতিক সময়ে বাংলাদেশ রেলওয়ের উন্নয়নমূলক কর্মকান্ড দৃশ্যমান হচ্ছে। আমরা রেল লাইন সম্প্রসারণে অনেক পদক্ষেপ গ্রহণ করেছি। নতুন ট্রেন পরিচালনা করেছি। এছাড়াও বিভিন্ন এলাকা থেকে সবজি ও ফলমূল আনয়নের জন্য এসি পার্সেল ট্রেনের ব্যবস্থা করা হচ্ছে।

৫। সভায় নিম্নোক্তভাবে আলোচনা ও সিদ্ধান্তসমূহ গৃহিত হয়ঃ

| ক্র.নং. | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|
| ৫.১ | অতিরিক্ত মহাপরিচালক অপারেশন জানান যে, স্টেশন মাস্টার না থাকায় ১০৬টি রেল স্টেশন বন্ধ রয়েছে।<br>সভাপতি বলেন যে, বাংলাদেশ রেলওয়ের নিয়োগ বিধি প্রকাশের চূড়ান্ত পর্যায়ে রয়েছে। নিয়োগ বিধি প্রকাশিত হলে নিয়োগ প্রদান করা হবে। | বাংলাদেশ রেলওয়ের নিয়োগ বিধি প্রকাশিত হওয়ার সাথে সাথে নিয়োগের কার্যক্রম দ্রুত গ্রহণ করতে হবে। | মহাপরিচালক , বাংলাদেশ রেলওয়ে। |

| | | | |
|---|---|---|---|
| ৫.২ | পরিবেশ বাঁচাও আন্দোলনের চেয়ারম্যান বলেন যে বিক্রিত টিকিট ফেরৎ প্রদানকালে যে পরিমাণ টাকা কর্তন করে রাখা হয় তা আরো কমানো যায় কি না তা বিবেচনা করা দরকার।<br><br>অতিরিক্ত মহাপরিচালক (অপারেশন) জানান যে ভাড়া কর্তনের বিষয়ে একটি প্রস্তাব মন্ত্রণালয়ে প্রেরণ করা হয়েছে। মন্ত্রণালয়ের অনুমোদন পাওয়ার পর এ বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা হবে।<br><br>সভাপতি বলেন যে, এ প্রস্তাবের বিষয়ে মন্ত্রণালয়ের সিদ্ধান্ত সহসাই বাংলাদেশ রেলওয়েকে জানানো হবে। | মন্ত্রণালয় হতে অনুমোদন পাওয়ার পর এ বিষয়ে যথাযথ ব্যবস্থা গ্রহণ করতে হবে। | মহাপরিচালক , বাংলাদেশ রেলওয়ে।<br><br>অতিরিক্ত মহাপরিচালক (অপারেশন), বাংলাদেশ রেলওয়ে |
| ৫.৩ | যাত্রীদের নিরাপদ ও আরামদায়ক যাত্রা নিশ্চিতকল্পে রাতে চলাচলকারী আন্ত:নগর ট্রেনে Standing Ticket ইস্যু বন্ধ করতে হবে।<br><br>অতিরিক্ত মহাপরিচালক (অপারেশন) জানান যে, ইতোমধ্যে Standing Ticket বন্ধ করা হয়েছে। | আন্ত:নগর ট্রেনে Standing Ticket ইস্যু বন্ধ থাকবে। ভবিষ্যতে আর Standing Ticket ইস্যু করা হবে না। | ১। অতিরিক্ত মহাপরিচালক (অপা:), বাংলাদেশ রেলওয়ে। |
| ৫.৪ | (১) টয়লেটসহ ট্রেন ও স্টেশন পরিস্কার-পরিচ্ছন্ন রাখার জন্য সাংকেতিক চিহ্ন দিয়ে কিছু পোস্টার তৈরি করে স্টেশন ও ট্রেনে লাগাতে হবে এবং এতদবিষয়ে সংক্ষিপ্ত অডিও/ ভিডিও তৈরি করে স্টেশনের বড় স্ক্রীনে ও ট্রেনের এলইডি মনিটরে প্রচারের ব্যবস্হা করতে হবে;<br>(৩) রেল লাইনের উভয় পার্শ্বে নিয়মিত পরিস্কার পরিচ্ছন্নতা অভিযান পরিচালনাসহ এডিস ও ডেঙ্গু মশার নিয়ন্ত্রণে কার্যকর পদক্ষেপ নিতে হবে। | যে সকল স্টেশনে পর্যাপ্ত টয়লেট নেই সেখানে টয়লেটের ব্যবস্থা গ্রহণ করতে হবে। স্টেশনসমূহে নিয়মিত পরিষ্কার-পরিচ্ছন্নতা অভিযান পরিচালনা করতে হবে। নারী ও পুরুষের জন্য আলাদা টয়লেটের ব্যবস্থা করতে হবে। | ১।অতিরিক্ত মহাপরিচালক অপা:), বাংলাদেশ রেলওয়ে।<br>২। ডিআরএম (ঢাকা/ চট্টগ্রাম/পাকশী/ লালমনিরহাট) বাংলাদেশ রেলওয়ে। |
| ৫.৫ | অতিরিক্ত মহাপরিচালক (অপারেশন) জানান যে, মুজিব বর্ষে স্টেশন ও ট্রেনে তামাকজাত দ্রব্য পান, বিড়ি, সিগারেট এবং চুইংগাম বিক্রয় ও ব্যবহার রোধকল্পে বিশেষ ব্যবস্থা গ্রহণ করা হয়েছে। | মুজিব বর্ষে স্টেশন ও ট্রেনে তামাকজাত দ্রব্য বিক্রয় ও ব্যবহার রোধকল্পে বিশেষ সচেতনতাবৃদ্ধিমূলক কার্যক্রম অব্যাহত রাখতে হবে এবং ভবিষ্যতেও এটা অব্যাহত রাখতে হবে। | ১। অতিরিক্ত মহাপরিচালক অপা:), বাংলাদেশ রেলওয়ে।<br>২। ডিআরএম (ঢাকা/ চট্টগ্রাম/পাকশী/ লালমনিরহাট) বাংলাদেশ রেলওয়ে। |

৬। পরিশেষে সভাপতি সংশ্লিষ্ট সকলকে ধন্যবাদ জানান এবং ভবিষ্যতেও রেলপথ মন্ত্রণালয়ের কাজে সার্বিক সহযোগিতা প্রদানের অনুরোধ জানান। অতঃপর আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

৩০/১/২০২০

(মোঃ সেলিম রেজা)
সচিব